

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম ও দ্বিতীয় বর্ষের সেশনজট কমাতে পরিকল্পনা

মানজুর হোছাইন মাহি

০২ অক্টোবর, ২০২৪
১০:৪১

শেয়ার

অ +

অ -



সেশনজট কমাতে স্নাতক প্রথম ও দ্বিতীয় বর্ষের জন্য 'লস রিকভারি প্ল্যান' গ্রহণ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) প্রশাসন। পরিকল্পনা অনুযায়ী সেমিস্টার পদ্ধতিতে এক মাস ও বার্ষিক পদ্ধতিতে দুই মাস সময় কমানো হয়েছে একাডেমিক ক্যালেন্ডারে। একাডেমিক ক্যালেন্ডার কমিটির সুপারিশে এই সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বিশ্ববিদ্যালয় প্রশাসন বলছে, পর পর তিনটি আন্দোলনের জন্য বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে।

এ জন্য তিন মাসের একটি সেশনজটের সৃষ্টি হয়েছে। সেই সেশনজট কমাতে এমনভাবে এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, যাতে করে শিক্ষার্থীদের ওপর খুব বেশি চাপ না পড়ে এবং সেশনজটও কমে যায়। সেশনজট কমাতে এ বছরের শীতকালীন ছুটি ও আগামী বছরের গ্রীষ্মকালীন ছুটিও কিছুটা কমানো হয়েছে।

দাবিতে আভারগ্যাজুয়েট প্রগ্রামে সেমিস্টার পদ্ধতি ছয় মাসে ও বার্ষিক পদ্ধতি ১২ মাসে হয়।

সিদ্ধান্ত অনুযায়ী সেশনজট নিরসন ও একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পরিকল্পনা অনুযায়ী সেমিস্টার পদ্ধতিতে বর্তমানে যাঁরা প্রথম বর্ষে আছেন (২০২৩-২৪ শিক্ষাবর্ষ) তাঁদের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় মোট তিনটি সেমিস্টার ছয় মাসের পরিবর্তে পাঁচ মাসে শেষ হবে। আর বার্ষিক পদ্ধতিতে প্রথম ও দ্বিতীয় বর্ষ ১২ মাসের পরিবর্তে ১০ মাসে শেষ করা হবে।

বর্তমানে যাঁরা দ্বিতীয় বর্ষে আছেন (২০২২-২৩ শিক্ষাবর্ষ) তাঁদের সেমিস্টার পদ্ধতিতে তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ মোট

চারটি সেমিস্টার ছয় মাসের পরিবর্তে পাঁচ মাসে শেষ করা হবে। আর বার্ষিক পদ্ধতিতে দ্বিতীয় ও তৃতীয় বর্ষ ১২ মাসের পরিবর্তে ১০ মাসে শেষ করা হবে।

এদিকে সেশনজট কমাতে চলতি বছরের শীতকালীন ছুটি থেকে তিন দিন ও আগামী বছরের গ্রীষ্মকালীন ছুটি থেকে ১৪ দিন ছুটি কমানো হয়েছে। একাডেমিক ক্যালেন্ডার কমিটির সুপারিশ অনুযায়ী শীতকালীন ছুটি ৮ ডিসেম্বর থেকে ২২ ডিসেম্বরের পরিবর্তে ১৯ ডিসেম্বর পর্যন্ত করা হয়েছে। আগামী বছরের গ্রীষ্মকালীন ছুটি ১ জুন থেকে ২৬ জুনের পরিবর্তে ১২ জুন পর্যন্ত করা হয়েছে। একাডেমিক ক্যালেন্ডার কমিটির সুপারিশ অনুযায়ী বিশ্ববিদ্যালয় প্রশাসন এরই মধ্যে কেন্দ্রীয়ভাবে প্রথম বর্ষের (২০২৩-২৪ শিক্ষাবর্ষ) এবং দ্বিতীয় বর্ষের (২০২২-২৩ শিক্ষাবর্ষ) একাডেমিক ক্যালেন্ডার (সেমিস্টার/বার্ষিক পদ্ধতি) প্রণয়ন করেছে।